তারিখ ... 19/7/83
পৃষ্ঠা ... 1 ... কলাম 2 ...



ইত্তেফাক

# পাঠ্যক্রমে বাংলাদেশ স্টাডিজ বাধ্যতামূলক

বাসস জানায়, প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ এম এরশাদের সভাপতিত্বে গত রবিবার অনুষ্ঠিত মন্ত্রী পরিষদের সভায় সিদ্ধান্ত নেওয়া হয় যে, স্কুল-ও স্নাতক পূর্ব পর্যায়ে "বাংলাদেশ অনুশীলন" (বাংলাদেশ ষ্টাডিজ) বাধ্যতামূলক বিষয় করা হইবে।

বাংলাদেশ এবং উহার সমস্যা ও সম্ভাবনার সহিত ছাত্রদের পরিচিত করিবার লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশন নিয়মিতভাবে উপযুক্ত অনুষ্ঠান সম্প্রচার করিবে। এই অনুষ্ঠানে সমস্যা ও সম্ভাবনার পূর্ণ প্রতিফলন ঘটিবে এবং আলোচনা ও প্রশ্ন উত্তরের মাধ্যমে বাংলাদেশ সংক্রান্ত বিভিন্ন দিকের বিস্তারিত তথ্য সরবরাহ করিবে।

সভায় সিদ্ধান্ত নেওয়া হয় যে, ২০ একর পর্যন্ত আয়তন বিশিষ্ট মজা পুকুর ও জলাশয় সংশ্লিষ্ট থানা পরিষদসমূহের নিকট হস্তান্তর করা হইবে। নিজেদের উন্নয়ন কাজের জন্য থানা পরিষদ এই সকল পুকুরের আয় গ্রহণ করিবে। ব্যবস্থাপনার জন্য ২০ একরের অধিক আয়তন বিশিষ্ট সকল ফিসারীজ ভূমি প্রশাসন বোর্ডের আওতায় ব্যবস্থাপনার জন্য ন্যস্ত করা হইবে। এই সকল

( ৮ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## পাঠ্যক্রমে বাংলাদেশ

( ১ম পৃঃ পর )

ফিসারীজ হইতে যে আয় হইবে কেন্দ্রীয়ভাবে বোর্ড উহার অন্ততঃ ৫০ শতাংশ থানা পরিষদকে প্রদান করিবে। থানা পরিষদের জনসংখ্যা ও আয়তনের ভিত্তিতে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় এই উপার্জন বিতরণ করিবে।

সভায় আরও সিদ্ধান্ত নেওয়া হয় যে, সকল উঁচু ভবনকে (৫ তলা কিংবা ততোধিক) অবশ্যই কার পার্ক হিসাবে উহার গ্রাউণ্ড ফ্লোরকে সংরক্ষিত রাখিতে হইবে। এই প্রকার কার পার্কের ব্যবস্থা ছাড়া ভবিষ্যতে সরকার কোন বিল্ডিং প্ল্যান অনুমোদন করিবেন না। এ ধরনের উঁচু ভবনের (৫ তলা ও ততোধিক) বর্তমান মালিকদের অবশ্যই তাহাদের ভবনের গ্রাউণ্ড ফ্লোরকে "কার পার্কে" পরিণত করিতে হইবে।

উপযুক্ত গ্যারেজ সুবিধা না থাকিলে ভবিষ্যতে ট্রাক ও বাসের রেজিষ্ট্রেশন দেওয়া হইবে না। রাস্তায় কোন ট্রাক কিংবা বাস পার্ক করিতে দেওয়া হইবে না। উযুক্ত গ্যারেজ সুবিধা না থাকিলে ট্রাক ও বাসের ওয়ার্কশপকে ট্রেড লাইসেন্স দেওয়া হইবে না, গ্যারেজ সুবিধ নাই এমন সব বর্তমান ওয়ার্কশপের ট্রেড লাইসেন্স বাতিল করা হইবে। মিরপুরের গাবতলী হইতে বর্তমান গরুরহাট সরাইয়া নেওয়া হইবে এবং সেখানে একটি ট্রাকষ্ট্যাণ্ড নির্মাণ করা হইবে।